# West Bengal Motion Picture Artists' Forum

Technicians' Studio, Administrative Building, 4th Floor, 4, Baburam Ghosh Road, Tollygunge, Kolkata - 700 040
**Phone :** 8274000097, 033 24214394, **Email :** wbmpaf@gmail.com, **Web :** www.wbmpaf.com
WBMPAF Official Whatsapp Number : 8274000097

প্রিয় সদস্যবন্ধু,

আজ, ৩১শে ডিসেম্বর ২০২৫, আমাদের বর্তমান কার্যকরী সমিতির কার্যকালের শেষ দিন।

বিগত ২ বছর ধরে আমরা প্রতিনিয়ত চেষ্টা করে গেছি, আপনাদের পাশে দাঁড়ানোর ও কর্মক্ষেত্রে বিভিন্ন রকম সমস্যার সমাধান করার। এবার বিদায় লগ্ন।

আমাদের কার্যকালে সদস্যদের সবথেকে জ্বলন্ত সমস্যা হিসাবে বারবার উঠে এসেছে, 'কাজ না পাওয়ার' কথা। বিভিন্ন আলোচনায় সদস্যরা অনুযোগ করেছেন, কাজের পরিধি কমছে ও একাধিক অবাঞ্ছিত ব্যক্তির প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাবে যথাযথ সুযোগের অভাব ঘটছে বলে। আমরা তাঁদের ব্যথায় ব্যথিত হয়েছি আর দিনের পর দিন চেষ্টা চালিয়েছি কীভাবে এই সমস্যার খানিকটা হলেও সুরাহা করা যায়।

আপনারাও জানেন ফোরাম সরাসরি কাউকে কাজ পাইয়ে দিতে পারেনা। তবে আমরা যেটা পারি, সেটা হল, আমাদের সদস্যদের কর্মক্ষমতার কথা সারা দেশের বিভিন্ন প্রযোজনা সংস্থা, নির্দেশক, সম্প্রচারক, প্রভৃতির কাছে পৌঁছে দিতে।

সেই উদ্দেশ্য নিয়েই ফোরামের ওয়েবসাইট **www.wbmpaf.com** -কে এবার আমরা ঢেলে সাজিয়েছি। এখন এই ওয়েবসাইটের মাধ্যমে প্রতিটি সদস্য বিপুলভাবে উপকৃত হবেন।

অন্যান্য আরো অনেকগুলি বিভাগের পাশাপাশি এখানে থাকছে সদস্যদের নিজস্ব **'Member's Corner'**। এই বিভাগটি ব্যবহার করে সদস্যরা নিজেদের সম্পূর্ণ **'portfolio'** (ছবি, ভিডিও, সামাজিক মাধ্যমের লিংক, নিজের সম্পর্কে বিস্তারিত তথ্য, প্রভৃতি সহ) সারা দুনিয়ার সামনে পেশ করতে পারবেন। বার্ষিক, মাত্র ৫০০ টাকার বিনিময়ে সংস্থার যেকোন সদস্য এই সুবিধা উপলব্ধ করতে পারবেন। পাশাপাশি থাকবে কর্মপ্রদানকারীদের জন্য **'Casting Corner'**। ইচ্ছুক ব্যক্তি বা সংস্থা এই সুবিধাটি সম্পূর্ণ বিনামূল্যে ব্যবহার করে সংস্থার সদস্যদের (যারা ওখানে **'portfolio'** প্রকাশ করবেন) মধ্য থেকে পছন্দসই অভিনেতা বা অভিনেত্রী বেছে নিতে পারবেন এবং সরাসরি যোগাযোগ স্থাপন করতে পারবেন। ফোরাম ইতিমধ্যেই সারা দেশ জুড়ে প্রায় ২২০০ এমন কর্মপ্রদানকারী ব্যক্তি ও সংস্থার সঙ্গে যোগাযোগ স্থাপন শুরু করেছে, এবং তাঁদের কাছে সদস্যদের তথ্য পৌঁছে দেবে। এছাড়া থাকবে প্রযুক্তিগত সাহায্য সম্বলিত **'e-shooting diary'** যেখানে সদস্যরা দৈনন্দিন কাজের সমস্ত তথ্য রাখতে পারবেন এবং কোন প্রযোজনা সংস্থার কোন কর্মচারীর সই-এর প্রয়োজন থাকবেনা। সঠিকভাবে পূরণ করলে এই বিভাগের মাধ্যমেই একজন সদস্য তাঁর কাজ করার পূর্ণ প্রমান দিতে পারবেন। থাকবে সরাসরি অভিযোগ জানানোর নির্দিষ্ট সুবিধা। ফোরাম অফিসে না এসেও একজন সদস্য মুহূর্তের মধ্যে ফোরামকে তাঁর সমস্যার কথা জানাতে পারবেন এবং তার পরিপ্রেক্ষিতে ফোরাম যথাযথ পদক্ষেপ নিতে পারবে। আরো অনেক আকর্ষণীয় বিভাগ থাকছে এই ওয়েবসাইটে, যার প্রতিটি সদস্যদের হিতে তৈরী করা হয়েছে।

আপনি চাইলে এখনই যেকোন **browser** এর মাধ্যমে **www.wbmpaf.com** এ গিয়ে, এই সুবিশাল কর্মযজ্ঞের কাজ কতটা এগিয়ে গেছে তা দেখে নিতে পারেন। তবে এই মুহূর্তে কোন তথ্য ওখানে দেবেননা। এখনো প্রযুক্তিগত বেশ কিছু কাজ বাকি। অত্যন্ত তৎপরতার সঙ্গে কাজ চলছে। খুব শীঘ্রই সমস্ত কাজ শেষ করে পুরোপুরি কার্যকর ওয়েবসাইটটি আপনাদের ব্যবহারের জন্য উন্মুক্ত করে দেওয়া হবে। ততদিন দয়া করে একটু ধৈর্য্য ধরুন।

আরো একটি আনন্দ সংবাদ দিই। ভারতবর্ষের সিনেমা, টিভি বা ওটিটির জগতে এ কাজ সম্ভবত আগে হয়নি। ওই ওয়েবসাইটের পাশাপাশি আমরা দুটি **mobile app** চালু করতে চলেছি। ওয়েবসাইটে যে **'Member's Corner'** রয়েছে, সেটিকে আপনি একটি **app** হিসাবেও নিজের **android** বা **i-phone** এ ব্যবহার করতে পারবেন। ঠিক তেমনই, কর্ম প্রদানকারী সংস্থা বা ব্যক্তি, **'Casting Corner'** অংশটিও অনুরূপভাবে নিজের মোবাইল ফোনে ব্যবহার করতে পারবেন। এর ফলে অত্যন্ত দ্রুততার সঙ্গে কাজের সুযোগ সদস্যদের কাছে আসার সম্ভাবনা বাড়বে বলেই আমাদের বিশ্বাস।

আগামী বার্ষিক সাধারণ সভায় আনুষ্ঠানিকভাবে এই বিষয়ে সমস্ত বিস্তারিত তথ্য আপনাদের জানানো হবে।

তবে এই মুহূর্তে, যখন নতুন বছর আমাদের দরজায় কড়া নাড়ছে, নতুন আশার কথা আপনাদের শুনিয়ে গেলাম।

ভালো থাকবেন।

৩১/১২/২০২৫
কলকাতা




বিদায়ী কার্যকরী সমিতি
আর্টিস্টস্ ফোরাম